তারিখ JAN. 24 1999
পৃষ্ঠা ১৬ কলাম ৬

দৈনিক ইনকিলাব

পাসের হার ৬৮·০৭

# বেফাকুল মাদারিসিল আরাবিয়ার পরীক্ষার ফলাফল প্রকাশ

স্টাফ রিপোর্টার ঃ বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ-এর অধীনে অনুষ্ঠিত ২১তম কেন্দ্রীয় পরীক্ষার ফলাফল গতকাল প্রকাশিত হয়েছে। পরীক্ষার গড় পাসের হার ৬৮ দশমিক ০৭। ৭টি স্তরের মোট পরীক্ষার্থী ছিল ৭ হাজার ৬৭৭ জন। উত্তীর্ণ হয়েছে ৫ হাজার ২২৬ জন। তাকমীলের (মাস্টার্স) পাসের হার— পুরুষ ৬৮ দশমিক ৮৬, মহিলা ৬৫ দশমিক ১৫। ফযীলতের (স্নাতক) পাসের হার— পুরুষ ৬৬ দশমিক ৮৬ এবং মহিলা ৮৩ দশমিক ৮৯। সানুবিয়া উলয়া (উচ্চ মাধ্যমিক)-এর পাসের হার ৫৫ দশমিক ২৭। মুতাওয়াসিতাহ-এর (নিম্ন মাধ্যমিক) পাসের হার— পুরুষ ৭০ দশমিক ২৫ এবং মহিলা ৭০ দশমিক ৭৭। ইবতিদাইয়া (নিম্ন মাধ্যমিক) পাসের হার— পুরুষ ৬১ দশমিক ৩৯ এবং বালিকা ৭৮ দশমিক ৯১। ইলমুল ক্বিরাআত ওয়াত তাজবীদের (উচ্চতর ক্বিরাআত) পাসের হার— ৮৪ দশমিক ৭০। হিফজুল কুরআন-এর পাসের হার— ৮০ দশমিক ৮০।

### তাকমীল মেধা তালিকা

প্রথম ঃ রোল ৮০৪, ওয়ালী মুহাম্মদ আনসারী, মাদরাসা দারুর রাশাদ, মিরপুর। দ্বিতীয় ঃ রোল ১১২, মুহাম্মদ সাইদ আহমাদ, জামিয়া রহমানিয়া আরাবিয়া। তৃতীয় ঃ রোল ৫৩৯, মুহাম্মদ হামেদ জহিরী জামিয়া শারইয়াহ, মালিবাগ।

### ফযীলত মেধা তালিকা

প্রথম ঃ রোল ২২৯, মোহাম্মদ মাসউদুর রহমান, মাদরাসা ইমদাদিয়া আরাবিয়া, শেখেরচর, নরসিংদী। প্রথম ঃ রোল ৩৪৬, কাজী মুহাম্মদ হানীফ, জামিয়া আরাবিয়া ইমদাদুল উলুম, ফরিদাবাদ। দ্বিতীয় ঃ রোল ২২৫, মুহাম্মদ শফিউদ্দীন, দারুল কোরআন শামছুল উলুম, চৌধুরীপাড়া। দ্বিতীয় ঃ রোল ২৫৬, মোহাম্মদ মুসলিম উদ্দিন, দারুল কোরআন শামছুল উলুম, চৌধুরীপাড়া। তৃতীয় ঃ রোল ৩১০, মুহাম্মদ নজরুল ইসলাম, জমিয়া শারইয়াহ, মালিবাগ, ঢাকা।

### মেধা তালিকা

### ছানুরিয়াহ উলয়া

প্রথম ঃ রোল ৬৯, মুহাম্মদ জহিরুল ইসলাম, জামিয়া রহমানিয়া আরাবিয়া, সাত মসজিদ, ঢাকা। দ্বিতীয় ঃ রোল ৭৯, মোহাম্মদ আবদুল হাকীম, জামিয়া রহমানিয়া আরাবিয়া, সাত মসজিদ। তৃতীয় ঃ রোল ৫২৮, মোহাম্মদ ফয়সাল আহমেদ, জামিয়া দ্বীনিয়া শামসুল উলুম, চৌধুরীপাড়া।